# ২০১৮-২০১৯ অর্থবছরে গৃহীত সেবা সহজিকরণ কার্যক্রমের তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

| সেবার নাম | TCV(Time, Cost & Visit) বিশ্লেষণ (সহজিকৃত সেবা বাস্তবায়ন পরিকল্পনা) | | | সহজিকরণ বাস্তবায়নের অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ক্ষেত্র | বিদ্যমান | প্রস্তাবিত/ বাস্তবায়িত | কার্যক্রম | তারিখ | |
| ১ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। ঘরে বসে হজের প্রাক্-নিবন্ধন | সময় | ১ দিন | ১০-১৫ মিনিট | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন (তারিখ) | - | ব্যক্তিগত জিমেইল একাউন্ট ব্যবহার করে হজগমনেচ্ছু ব্যক্তি ঘরে বসে হজের প্রাক্-নিবন্ধন করতে পারেন। |
| | ধাপ | ২ | ১ | সরকারি আদেশ জারি (তারিখ) | - | |
| | খরচ (নাগরিকদের খরচসহ) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | পাইলটিং বাস্তবায়নের তারিখ | ১২-০৮-২০১৮ | |
| | যাতায়াত (বার) | ১ | ০ | সারাদেশে বাস্তবায়নের তারিখ | ১৬-০৯-২০১৮ | |
| | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | ১টি | ০ | | | |
| ২। হজের সেবা ৩৩৩ তে | সময় | ১-৫ মিনিট | ১-৫ মিনিট | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন (তারিখ) | - | পূর্বে শুধুমাত্র হজ কল সেন্টার হতে হজ তথ্য সেবা দেয়া হত। বর্তমানে নাগরিক সেবা '৩৩৩' হতেও হজ তথ্য সেবা দেয়া হয়। |
| | ধাপ | ১ | ১ | | | |
| | খরচ (নাগরিকদের খরচসহ) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সরকারি আদেশ জারি (তারিখ) | - | |
| | যাতায়াত (বার) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | পাইলটিং বাস্তবায়নের তারিখ | - | |
| | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সারাদেশে বাস্তবায়নের তারিখ | ৩০-০৪-২০১৯ | |

## ১.২.১ নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত

**সার্ভিসের নামঃ** অনলাইনে সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের প্রাক্-নিবন্ধন

**পটভূমিঃ** ই-হজ ব্যবস্থাপনা সিস্টেম প্রাক-নিবন্ধন থেকে শুরু হয়। **২০১৬ খ্রি. (১৪৩৭ হিজরি) সন থেকে হজযাত্রীদের প্রাক নিবন্ধন কার্যক্রম চলমান।** সরকারী ও বেসরকারী ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছু সকল হজযাত্রীগণ অন-লাইন প্রাক-নিবন্ধন সিস্টেমে নিবন্ধিত হন। প্রাক-নিবন্ধিত হজযাত্রীগণ সৌদি সরকার প্রদত্ত কোটা অনুসারে নিবন্ধনের ক্রমানুসারে পবিত্র হজব্রত পালনের সুযোগ পান। প্রত্যেক হজযাত্রী নিজের জাতীয় পরিচয় পত্র দিয়ে অনলাইন NID ভেরিফিকেশনের মাধ্যমে প্রাক নিবন্ধন করেন। প্রাক-নিবন্ধন সিস্টেমে ডাটা এন্ট্রির পর হজযাত্রীগণ ট্র্যাকিং নম্বরসহ একটি পেমেন্ট ভাউচার পাবেন। হজযাত্রীগণ উক্ত পেমেন্ট ভাউচার দিয়ে সরকার নির্বাচিত ব্যাংকে পূর্ব ঘোষিত নির্ধারিত পরিমাণ টাকা পরিশোধ করে প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বরসহ একটি প্রাক-নিবন্ধন সনদ পেয়ে থাকেন। সরকারি ব্যবস্থাপনায় হজ অফিস, ঢাকা, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা/বিভাগীয় কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে হজের প্রাক্-নিবন্ধন করা যায়। অন্যদিকে বেসরকারি ব্যবস্থাপনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে হজের প্রাক্-নিবন্ধন করা যায়।

**নতুন ই-সার্ভিসঃ** প্রাক-নিবন্ধন সিস্টেমে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে অনলাইনে খুব সহজেই প্রাক্-নিবন্ধন করেন। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন হজ অফিস, ঢাকা, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা/বিভাগীয় কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে হজের প্রাক্-নিবন্ধন করে থাকেন। তাদের প্রাক্-নিবন্ধনের জন্য ইতিপূর্বে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন তাদের সংশ্লিষ্ট অফিসগুলোতে গিয়ে প্রাক-নিবন্ধন করতেন অথবা কল সেন্টারের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতেন। নতুন এই ই-সার্ভিস এর মাধ্যমে ঘরে বসেই একজন সরকারি ব্যবস্থাপনার হজে গমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন করতে পারেন।

**সংক্ষিপ্ত বিবরণঃ**

- আবেদন করার জন্য প্রথমে আপনাকে জিমেইলের মাধ্যমে লগ-ইন করতে হবে।
- লগ-ইন করার পর আপনি যে হজযাত্রীর আবেদন করতে চান তার তথ্য দিন। একাধিক আবেদনের জন্য " নতুন আবেদন" বাটনে ক্লিক করতে হবে । ১৮ বছরের উপরে যাদের বয়স তাদের 'এন আইডির' তথ্য দিতে হবে। আর যাদের বয়স ১৮ বছরের নিচে তাদে জন্ম সনদের মাধ্যমে ফরম পূরন করতে হবে।
- হজযাত্রীর তালিকা থেকে যাদের টাকা জমা দিতে চান তাদেরকে সিলেক্ট করতে হবে এবং ”পেমেন্ট আবেদন” বাটনে ক্লিক করতে হবে।
- আপনি যে ব্যাংকে টাকা জমা দিতে চান তার তথ্য পূরন করতে হবে।
- আবেদন করার জন্য ”ভাউচারের জন্য আবেদন করুন” অবশনে ক্লিক করতে হবে। আবেদন করার পর কিছু নির্দেশনা দেওয়া থাকবে যা আপনি পড়ে নিতে পারেন।
- ভাউচার তৈরি হলে আপনার আছে একটি মেইল যাবে এবং এসএমএস যাবে। মেইলের মাধ্যমে ভাউচার ডাউনলোড করতে পারবেন ।
- অথবা ভা্উচার ডাউনলোড করার জন্য লগ-ইন করে পেমেন্ট আবেদন তালিকা থেকে “পেমেন্ট ভাউচার ডাউনলোড করুন” বাটনে ক্লিক করে ডাউনলোড করা যাবে।
- ভাউচারটি প্রিন্ট করে ব্যাংকের মধ্যমে টাকা জমা দিতে হবে।


ওয়েবসাইটঃ [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)

ই-সার্ভিস লিংকঃ [https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create](https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create)

ই-সার্ভিস অবস্থাঃ চলমান

এ পর্যন্ত সার্ভিস নিয়েছেনঃ



## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

### হজযাত্রীদের প্রাক্-নিবন্ধন সিস্টেম

যে হজযাত্রীর জন্য আবেদন করতে চান তার তথ্য দিন

আবেদন | ব্যাংকের মাধ্যমে টাকা জমাদান | এসএমএস এর মাধ্যমে সিরিয়াল নম্বর নিশ্চিতকরন

**জাতীয়তা:** ◉ বাংলাদেশী ○ প্রবাসী বাংলাদেশী

**জন্ম তারিখ:**

**লিঙ্গ:** ◉ পুরুষ ○ মহিলা

**ব্যক্তিগত পরিচয়:** ◉ জাতীয় পরিচয়পত্র ○ জন্ম সনদ

**জাতীয় পরিচয়পত্র নং:** জাতীয় পরিচয়পত্র নম্বর দিন

✖ পিছনে | পরবর্তী

১. যে সমস্ত হজযাত্রীর বয়স ১৮ বা তদুর্ধ্ব তাদের রেজিষ্ট্রেশনের জন্য জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক এবং যাদের বয়স ১৮ বছরের নীচে তারা অভিভাবকের সাথে জন্মনিবন্ধন সনদের কপিসহ আবেদনপত্র পুরণ করবেন। সরকারের সিদ্ধান্ত মোতাবেক এই তথ্য জাতীয় পরিচয় পত্রের তথ্যভান্ডার (এনআইডি) ও পুলিশের বিশেষ শাখার মাধ্যমে যাচাই করা হবে।

২. সরকার নির্ধারিত ফি ও অগ্রীম জামানত নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের সাথে সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কেন্দ্রীয় প্রাক্-নিবন্ধন সার্ভার থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রাক্-নিবন্ধন ক্রমিক প্রদান করা হবে।

৩. যদি কোন হজযাত্রী হজে যেতে আগ্রহী না হন তাহলে অগ্রিম নিবন্ধিত জামানত (নির্ধারিত সার্ভিস ফি ব্যতীত) ফেরত নিতে পারবেন, তবে এক্ষেত্রে তাদের জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে প্রসেসিং ফি কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।

৪. প্রাক্-নিবন্ধন সংক্রান্ত যেকোন প্রশ্নে, হজ তথ্য সেবাকেন্দ্রে (ফোন নম্বর: 09602666707) যোগাযোগ করুন।

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

### হজযাত্রীদের প্রাক্-নিবন্ধন সিস্টেম

**আবেদন নম্বর :** P58FF400

**ব্যাংকের নাম :** Sonali Bank Limited
**ব্রাঞ্চের নাম :** Ramna Corp

**জমাদানকারীর নাম :** শেলিনা খানম
**মোবাইল নং:** 01712720202

পেমেন্ট ভাউচার ডাউনলোড করুন

Show 25 entries search:

| ক্রম | এনআইডি/বিআরএন | জন্ম তারিখ | লিঙ্গ | প্রক্রিয়া |
|---|---|---|---|---|
| 1 | 2694069205038 | 1975-03-01 | male | |
| 2 | 5925614116532 | 1977-06-02 | female | |

Showing 1 to 2 of 2 entries

Previous 1 Next

✖ পিছনে যান

একটি ভাউচারে ১৫ জনের বেশি হজযাত্রী যোগকরা যাবে না